



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর  
BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

স্মারক নং-বেরোবি/রেজি:/অ:আ:/বরখাস্ত/২০১৯/৭৫৮

তারিখ : ০১/০৮/২০১৯

মোঃ মালেক মিয়া  
ল্যাব এ্যাটেনডেন্ট  
রসায়ন বিভাগ  
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

বিষয়: বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর রসায়ন বিভাগে কর্মরত ল্যাব এ্যাটেনডেন্ট মোঃ মালেক মিয়া'কে চাকুরি হতে সাময়িক বরখাস্তকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর এর ২৫/০৭/২০১৯ তারিখের স্মারক নং-বেরোবি/রেজি:/কারণ দর্শানো নোটিশ/২০১৯/৭৩৪-এ প্রেরিত কারণ দর্শানো নোটিশের পরিপ্রেক্ষিতে আপনি যে জবাব প্রদান করেছেন, তা কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হয়নি।

যেহেতু আপনি প্রফেসর ড. আর এম হাফিজুর রহমান ও বিশ্ববিদ্যালয় সম্পর্কে ফেসবুকে অশালীন ও অযাচিত ভাষা ব্যবহার করে মন্তব্য করেছেন ; যাতে কর্তৃপক্ষের প্রতীয়মান হয়েছে যে, আপনি সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর ৩(খ) মোতাবেক অসদাচারণ করেছেন ;

সেহেতু বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় আইন-২০০৯ এর ধারা ৪৭-এর (৬) অনুযায়ী এবং সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী আপনাকে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত (Suspend) করা হলো। সাময়িক বরখাস্তকালীন আপনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

এই আদেশ ০১ আগস্ট ২০১৯ তারিখ অপরাহ্ন থেকে কার্যকর হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

কর্ণেল আবু হেনা মুস্তাফা কামাল (অবঃ)

রেজিস্ট্রার

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের অবগতির জন্য), বেরোবি, রংপুর।
- ২। প্রক্টর, বেরোবি, রংপুর।
- ৩। পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, বেরোবি, রংপুর।
- ৪। বিভাগীয় প্রধান, রসায়ন বিভাগ, বেরোবি, রংপুর।
- ৫। সংস্থাপন শাখা, রেজিস্ট্রার দপ্তর, বেরোবি, রংপুর।
- ৬। ব্যক্তিগত নথি।
- ৭। দপ্তর নথি।